Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৶০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য ৴০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ



## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৪৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৫ই অগ্রহায়ণ বুধবার ১৩৬৩ ইংরাজী 21st Nov. 1956 { ২৮শ সংখ্যা








হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।


## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ১০ই ডিসেম্বর ১৯৫৬

১৯৫৬ সালের ডিক্রীজারী

২৩৫ থাং ডিঃ পূর্ণেন্দুনারায়ণ সিংহ দেং গোপালচন্দ্র ভাস্কর দাবি ১৩৷৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে ধল ৮৯ শতকের কাত ১৸৶০ আঃ ৮৫৲ খং ১৫০

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

### নিলামের দিন ১৭ই ডিসেম্বর ১৯৫৬

১৯৫৬ সালের ডিক্রীজারী

১৮১ থাং ডিঃ নরেশচন্দ্র বসু দেং রুস্তম আলি মণ্ডল দাবি ৮০৷৬ পাই থানা সাগরদীঘি মৌজে কাঁচিয়া বিষ্ণুডাঙ্গা ৬-১৬ শতকের কাত ১৬৸০ আঃ ৬০০৲ খং ৫৭১

১৮২ থাং ডিঃ ঐ দেং শ্যামাপদ মুখোপাধ্যায় দিং দাবি ২২৪৲ মৌজাদি ঐ ১০০৫ শতকের কাত ৫০৲ আঃ ১০০০৲ খং ২৭০

১৮৪ থাং ডিঃ পূর্ণেন্দুনারায়ণ সিংহ দেং আমির হোসেন সেখ দাবি ১২৷৴৬ পাই থানা সাগরদীঘি মৌজে ভূমিহর ৭০ শতকের কাত ১৲ আঃ ৭০৲ খং ৪৩০

১৪৫ থাং ডিঃ নির্ম্মলকুমার সিংহ নওলক্ষা দেং রুস্তম আলি মণ্ডল দাবি ৭৩৸৴৬ পাই থানা সাগরদীঘি মৌজে চণ্ডীগ্রাম রঘুনাথপুর ৪-৩৬½ শতকের কাত ১৯৷৶৬ আঃ ৪০৲ খং ৭২৪

১৪৮ থাং ডিঃ ঐ দেং ভৈরবচন্দ্র বন্দ্যোপাধ্যায় দিং দাবি ১৫৬ পাই থানা ঐ মৌজে পানিয়া ৭০ শতকের সেস ৶০ আঃ ৫০৲ খং ২২

১৪৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৩৸৶৩ মৌজাদি ঐ ২-১১ শতকের সেস ।৶০ আঃ ১৫০৲ খং ২১

## শারদীয়া পূজার প্রাপ্য ছুটি

'জঙ্গিপুর সংবাদে'র গ্রাহক, পাঠক ও বিজ্ঞাপনদাতাগণের নিকট আমাদের বিনীত নিবেদন—আমরা এই সংখ্যা 'জঙ্গিপুর সংবাদ' প্রকাশ করিয়া আমাদের পূর্ব্ব প্রার্থনা মত দুই সপ্তাহের অবকাশ গ্রহণ করিব। 'জঙ্গিপুর সংবাদ' দুই সপ্তাহ বন্ধ থাকার পর আগামী ২৬শে অগ্রহায়ণ ইংরাজী ১২ই ডিসেম্বর বাহির হইবে।

সম্পাদক—'জঙ্গিপুর সংবাদ'

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

৫ই অগ্রহায়ণ বুধবার সন ১৩৬৩ সাল।

## আঁতে ঘা

—•—

আমাদের দেশের প্রচলিত প্রবাদ বাক্যগুলি নেহাৎ অগ্রাহ্য করার মত নয়। এমন সময় আসে যে ঐগুলি অক্ষরে অক্ষরে সত্য বলিয়া প্রতীয়মান হইয়া থাকে। মহাযুদ্ধ না লাগিলেও যাত্রার আসরে পালা গান সুরু হইবার আগে যেমন গৎ বাজাইয়া আখড়া জমান হয়, তাই যেন স্থানে স্থানে আরম্ভ হইয়াছে। প্রবাদ আছে—"কামরূপেতে কাক মরেছে কাশীধামে হাহাকার।" যুদ্ধ ক্ষুদ্রাকারে ভারত হইতে অনেক দূরে থাকিলেও নিরপেক্ষ ভারতকে যেন যুদ্ধবাজরা নিরপেক্ষ থাকিতে দিবে না। ভারতের প্রধান মন্ত্রী মহাশয় যত শান্তি শান্তি করেন ততই যেন—

"আনকা ক্ষেতি আনকা গাই
সো পাপী যো গোউ হাঁকায়।"

এই প্রবাদ বাক্য তাঁহার উপরে প্রয়োগ করার মত অবস্থা আসিয়া পড়ে। যুদ্ধ মিশরে ও হাঙ্গারীতে হইলেও ভারতের ঘাড়ে পক্ষপাতিত্বের দুর্নামে জড়াইয়া ক্ষতি সাধনের জন্য কোন কোন দেশ বদ্ধ-পরিকর। বাণিজ্যের ব্যাপারে ভারতের ক্ষতি সাধনের চেষ্টা বেশ দেখা যাইতেছে।

রপ্তানি বাণিজ্যে ভারত ক্রমান্বয়ে হঠিতেছে। চায়ের চালান বৃদ্ধি পাইতেছে; কিন্তু ইয়োরোপে কফির তরফে জোর প্রচারকার্য চলিতেছে। চটের রপ্তানি বাড়িতেছে না। খরিদ্দারদের বিপরীত মনোভাব রূঢ় সত্যের আকারে দেখা দিতেছে। কাগজ এবং কাপড়ের সাহায্যেও চটের চাহিদা মিটানো হইতেছে। বস্ত্র রপ্তানি যথানিয়ম হ্রাস পাইতেছে।

ভারতের রপ্তানি উপদেষ্টা সমিতিতে বিশিষ্ট শিল্পপতি শ্রীযুত সিংহানিয়া একটি গুরুত্বপূর্ণ প্রস্তাব করিয়াছেন। তিনি সরকারী বিশেষজ্ঞ নহেন। হাতে-কলমে ব্যবসা পরিচালনাই তাঁহার কাজ। তিনি বলিয়াছেন, ভারত হইতে তুলা, বাতিল সূতা বরবাদী কাপড়, কোরা কাপড়, কাঁচা চামড়া বিভিন্ন ধাতুপিণ্ড প্রভৃতি বহু জিনিষ চালান যায় তার পরিবর্ত্তে আমদানি হয় তৈয়ারী পণ্য। এই জন্যই কাঁচা মাল রপ্তানির অযৌক্তিকতা উপলব্ধির সময় আসিয়াছে।

সময় থাকিতে সাবধান হওয়ার মত বুদ্ধি ভারতের নাই। মধ্যপ্রাচ্যে রাশিয়া ও উহার অনুগত দেশগুলি ভারতকে কোণঠাসা করিতেছে। দূরপ্রাচ্যে জাপান দৃঢ়প্রতিষ্ঠ হইতেছে। কাঁচা মালের রপ্তানিকারকেরা প্রতিদ্বন্দ্বিতা শুরু করায় ভারতীয় মালের দাম কমিতেছে।

এই অবস্থা চলিতে থাকিলে ভারতের চরম সঙ্কট ঘনাইয়া আসিবে। সরকার শিল্পায়নে অগ্রসর হইয়াছেন; কিন্তু ভারতীয় কাঁচা মাল কারখানাজাত পণ্য হিসাবে ভারতে চালান আসা বন্ধ করার চেষ্টা তাহাদের নাই। আমাদের দেশের কোরা কাপড় ব্রিটেনে গিয়া ধোলাই কাপড়ের আকারে সুদূর-প্রাচ্যে চালান যায়। ভারতীয় কাঁচা চামড়া অনুরূপভাবে ট্যান করা অবস্থায় মুনাফা অর্জন করে।

ভারত সরকার অবিলম্বে অবহিত হউন এবং কাঁচা মাল রপ্তানির পরিবর্ত্তে কারখানাজাত পণ্যের দিকে দৃষ্টি দিন। অন্যথায় শোচনীয় পরিস্থিতির সম্মুখীন হইতে হইবে। ভারত যত টাকার মাল কিনিতেছে, তত টাকার মাল বেচিতে পারিতেছে না। এইভাবে চলিলে দেউলিয়া হইতে বিলম্ব হইবে না।

---

## NOTICE.

Applications are invited from intending candidates for resettlement of the Baluchar Country Spirit Shop lying within Jiaganj-Azimganj Municipality of this district.

Applications should contain the following particulars and reach the undersigned on or before 12. 12. 56. Each application must have a Court fee stamp of annas twelve affixed on it. Candidates must be solvent and in a position to run the shop smoothly without borrowing from others.

Particulars to be furnished in the application.

1. Name of the candidate in full.
2. Present address.
3. Age.
4. Father's name.
5. Home district and Home address.
6. Educational qualification.
7. Present occupation, if any.
8. Previous experience in the line, if any.
9. Special claim, if any

Sd/- R. K. Biswas.
For Collector of Murshidabad.

## পরলোক গমন

রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত ইতিহাস প্রসিদ্ধ গিরিয়া গ্রামের দ্বারকানাথ দাস মহাশয় হঠাৎ হৃদ্‌-যন্ত্রের ক্রিয়া বন্ধ হওয়ায় পরলোক গমন করিয়াছেন। তিনি জনহিতকর কার্য্যে বিশেষ অগ্রণী ছিলেন। তাঁহার একান্ত চেষ্টাতে গিরিয়ায় জুনিয়র হাই স্কুল ও ডাকঘর প্রতিষ্ঠিত হইয়াছে। তাঁহাকে ঐ অঞ্চলের হিন্দু-মুসলমান গৃহস্থগণ খুব সম্মান করিতেন। তাঁহার একমাত্র পুত্র শ্রীমান্ পঞ্চানন বি-এস-সি পাশ করিয়াছেন। আমরা তাঁহার স্বজনগণের শোকে সমবেদনা প্রকাশ করিয়া পরলোকগত আত্মার সদ্‌গতি কামনা করিতেছি।

গত ২৬শে কার্ত্তিক সোমবার, রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত ভবানীপুর কুঠি নিবাসী রামপ্রীত পাঁড়ে মহাশয় ব্লাড-পেশার রোগে পরলোক গমন করিয়াছেন। মৃত্যুকালে তাঁহার বয়স ৭৩ বৎসর হইয়াছিল। তিনি স্ত্রী, তিন পুত্র, অনেকগুলি পৌত্র

## শ্রীমান্ ত্রিদিব চৌধুরীর নির্ব্বাচন সমস্যা

মুর্শিদাবাদ জেলা হইতে লোক সভার সদস্য শ্রীত্রিদিব চৌধুরী বর্ত্তমানে গোয়ায় পর্ত্তুগীজ কারাগারে। নির্ব্বাচনের নিয়ম অনুসারে প্রার্থীকে মনোনয়ন পত্রে স্বাক্ষর দেওয়া প্রয়োজন হয়। কলিকাতা রাজভবনে বিপ্লবী সমাজতন্ত্রী দল শ্রীজহর-লাল নেহরুজীর সহিত এই সম্বন্ধে আলোচনা করায় তিনি ঐ দলের নেতা শ্রীযতীন চক্রবর্ত্তীকে দিল্লীতে এই বিষয়ের বিশদ আলোচনার জন্য আমন্ত্রণ করিয়াছেন।

---

## বিজ্ঞপ্তি

৩৫টি পরিত্যক্ত সেচ পুকুর খননের জন্য মুর্শিদাবাদ (বহরমপুর) স্থিত পুষ্করিণী উন্নয়ন আধিকারিক ৭।১২।৫৬ তারিখ বেলা ২-৩০ টা পর্য্যন্ত নির্দ্ধারিত ফর্মে শীলমোহর করা টেণ্ডার গ্রহণ করিবেন। আনুমানিক ব্যয়ের ৫% ভাগ বায়না বাবদ ট্রেজারিতে জমা দিয়া চালান এবং আয়কর পরিশোধের প্রমাণপত্র অথবা গত তিন বৎসর টেণ্ডার দাতার করদানযোগ্য আয় ছিল না এই মর্ম্মে ১ম শ্রেণীর ম্যাজিষ্ট্রেটের সম্মুখে প্রদত্ত ঘোষণাপত্র টেণ্ডারের সঙ্গে দাখিল করিতে হইবে। বহরমপুর পুষ্করিণী উন্নয়ন অফিসে অফিসের সময় কাজের বিবরণ দেখা যাইতে পারে। ৭।১২।৫৬ তারিখ বেলা ৩টায় পুষ্করিণী উন্নয়ন আধিকারিক টেণ্ডার খুলিবেন, তখন টেণ্ডারদাতাগণ বা তাঁহাদের প্রতিনিধি উপস্থিত থাকিতে পারেন, কোন টেণ্ডার গ্রহণ বাধ্যতামূলক নয়।

---

*বিশ্বস্ত প্রতিষ্ঠান*

**চা-সংসদে**

রকমারী সুগন্ধি দার্জ্জিলিং চা এবং আসাম ও ডুয়ার্সের ভাল চা ন্যায্য মূল্যে পাবেন। আপনাদের সহানুভূতি ও শুভেচ্ছা কামনা করি।

চা-সংসদ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

# বিজ্ঞাপন-বৈচিত্র্য

## জবাকুসুম তৈলের গুণ অতুলনীয়

উল্লিখিত বাক্যের যে কোন অক্ষর কেহ মনে করিলে, তাঁহার মনোনীত অক্ষর নিম্নলিখিত কবিতার সাহায্যে বলিয়া দেওয়া যায়। মনে করুন কেহ (লে) মনে করিলেন। তাঁহাকে জিজ্ঞাসা করুন আপনি নিম্নলিখিত পদ্যটী পড়িয়া বলুন কোন্ কোন্ ষ্ট্যাঞ্জায় আপনার অক্ষরটী আছে। তিনি পাঠ করিয়া অবশ্য বলিবেন (২) ও (৫) ষ্ট্যাঞ্জায় আছে। কারণ (লে) আর কোন ষ্ট্যাঞ্জায় নাই। আপনি ২ ও ৫ যোগ করুন, যোগফল হইল ৭। তাঁহার মনোনীত অক্ষর ঠিক ৭ম স্থানে আছে। এইরূপে সব অক্ষর বলা যায়।

(১)

আয়ুর্ব্বেদ-জলধিরে করিয়া মন্থন
সুক্ষণে তুলিল এই মহামূল্য ধন
বৈদ্যকুল-ধুরন্ধর স্বীয় প্রতিভায়;
এর সমতুল্য তেল কি আছে ধরায়?

(২)

এই তৈলে হয় সর্ব্ব শিরোরোগ নাশ,
অতুল্য ইহার গুণ হয়েছে প্রকাশ,
দীনের কুটির আর ধনীর আবাসে,
ব্যবহৃত হয় নিত্য রোগে ও বিলাসে।

(৩)

চুল উঠা টাকপড়া মাথা ঘোরা রোগে,
নিত্য নিত্য কেন লোক এই দেশে ভোগে!
সুগন্ধে ও গুণে বিমোহিত হয় প্রাণ,
সোহাগিনী প্রসাধনে এই তেল চান।

(৪)

কমনীয় কেশ গুচ্ছ এই তেল দিয়া,
কৃষ্ণবর্ণ হয় কত দেখ বিনাইয়া,
তুষিতে প্রেয়সী-চিত্ত যদি ইচ্ছা চিতে,
অনুরোধ করি মোরা এই তৈল দিতে।

(৫)

চিত্তরঞ্জন এভিনিউ চৌত্রিশ নম্বর—
বিখ্যাত ঔষধালয় লোক হিতকর
অবনীর সব রোগ হরণ কারণ,
ঔষধের ফলে তুষ্ট হয় রোগিগণ।

রচনা—শ্রীশরৎ পণ্ডিত (দা' ঠাকুর)


রাজ্য পুনর্গঠন আইন অনুযায়ী
ভারতের নূতন মানচিত্র
শ্রীনগর
জম্মু ও কাশ্মীর
পশ্চিম পাকিস্তান
পাতিয়ালা
দিল্লী
উত্তর প্রদেশ
লক্ষ্ণৌ
নেপাল
ভুটান
আসাম
শিলং
রাজস্থান
জয়পুর
আজমীর
পাটনা
বিহার
মধ্য প্রদেশ
ভূপাল
পশ্চিম বঙ্গ
কলিকাতা
কটক
রাজকোট
নাগপুর
বোম্বাই
বঙ্গোপসাগর
আরব সাগর
অন্ধ্র প্রদেশ
গোয়া
মাদ্রাজ
লাক্ষা দ্বীপ
ত্রিবান্দ্রম
সিংহল
কলম্বো

পৌত্রী ও আত্মীয়-স্বজন রাখিয়া গিয়াছেন। আমরা তাঁহার স্বজনগণের শোকে সমবেদনা প্রকাশ করিয়া পরলোকগত আত্মার শান্তি কামনা করিতেছি।

## বাসী মাংস বিক্রয়ে দণ্ড

জঙ্গিপুর মিউনিসিপালিটির স্বাস্থ্য-পরিদর্শক মহাশয়ের অভিযোগক্রমে বালিঘাটার জাহির খাঁ বাসী মাংস বিক্রয়ের অপরাধে ফৌজদারী সোপরদ্দ হয়। বিচারে তাহার দশ টাকা অর্থদণ্ড অনাদায়ে দশ দিন কারাদণ্ডের আদেশ হয়। সে কারাদণ্ড ভোগ করে। তাহার লাইসেন্সও ছিল না।

## বিজ্ঞপ্তি

(১) পাকুড় হইয়া গাড্ডা-ধুলিয়ান রুটে, (২) পাকুড় হইয়া হিরণপুর-ধুলিয়ান রুটে এবং (৩) ধুলিয়ান-নিমতিতা রুটে বাস চালাইবার স্থায়ী পারমিটের জন্য আবেদনকারীদের বিবরণসমন্বিত এক তালিকা মুর্শিদাবাদ আঞ্চলিক পরিবহন কর্তৃপক্ষের নোটিশ-বোর্ডে এবং এই জেলার প্রান্তীয় মহকুমা অফিস-গুলির নোটিশবোর্ডে টাঙ্গাইয়া দেওয়া হইয়াছে। এই সম্পর্কে কোনরূপ বক্তব্য থাকিলে তাহা এই নোটিশ প্রকাশের ৩০ দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করা যাইতে পারে। ষ্টেজ ক্যারেজ ও পাবলিক কেরিয়ার পারমিট নূতন করিয়া নিবার এবং পাবলিক কেরিয়ার ও কনট্রাক্ট ক্যারেজ পারমিটের জন্য আবেদনকারীদের এক তালিকা মুর্শিদাবাদ আঞ্চলিক পরিবহন কর্তৃপক্ষের নোটিশ-বোর্ডে এবং এই জেলার প্রান্তীয় মহকুমা অফিসগুলির নোটিশবোর্ডে টাঙ্গাইয়া দেওয়া হইয়াছে, এই সম্পর্কে কোনরূপ বক্তব্য থাকিলে তাহা এই নোটিশ প্রকাশের ৩০ দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করা যাইতে পারে। স্বাঃ পি, রায় চৌধুরী, সচিব, আঞ্চলিক পরিবহন কর্তৃপক্ষ, মুর্শিদাবাদ।

**Wanted** Two qualified Vaccinators for one month on Rs. 30/- p. m. for vaccination work within Municipal area. Apply within 26-11-56 to Chairman, Jangipur Municipality.

# চেয়ার-ও-ম্যান বা সিটি-মাদার



অশ্বারোহণে চেয়ার-ও-ম্যান
বাহির হইল নগরে
প'ড়ে গেল সাড়া সারা নগরেতে
সামনে কোন্ হ্যায় ভাগোরে।

সুপারভিশন বড়ই ভীষণ
কর্ম্মচারীরা কাঁপে,
সুপিরিয়র আজ হইল স্ত্রীলোক
পূরব জনম পাপে!


"ওভারসিয়ার" বিষম "ফিয়ার"
পেয়ে করে থতমত।
"গুড্‌মর্ণিং সার বলিয়া ফেলিল
আগের অভ্যাস মত।

চটিয়া মুনিব কট মট চেয়ে
বলিল "ডেভিল ড্যাম"!
বাবু কহিলেন—"স্লিপ অব দি টাং"
এক্সকিউজ মি "ম্যাডাম"

রাস্তা দেখিয়া আস্থা কমিল
বলিল ষ্টুপিড ন্যাষ্টি।
"হোয়াই ডোন্ট ইউ ওয়াটার দি রোডস্"
হোয়াই দে আর ডাষ্টি?

বাবুর জবাব—"আইসে, আইসে"
মাথাটি করিয়া হেট।
"ভেরী স্মল সার আই মীন ম্যাডাম্
মানি ইজ ইন্ দি বাজেট"।

সত্যি সত্যি, সময় সময়
এমন বিপদ হয়।
সার বলি কি ম্যাডাম বলি
সদা মনে হয় ভয়।




## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন"  টেলিফোন : বড়বাজার ৪১৯

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

---

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :— **ডাঃ ডি, ডি, হাজরা**
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

---

## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত